

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.২০০.০০.০০.১২.০০৫.১৬-১১৫

তারিখঃ ০৪ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ
১৯ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : ১১০ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ২৪/০৭/২০১৬ হতে ২১/০৯/২০১৬ তারিখ পর্যন্ত ৬০ (ষাট) দিন মেয়াদে অনুষ্ঠেয় ১১০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে (এসিএডি) অংশগ্রহণের জন্য সরকারের উপসচিব পর্যায়ের নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দকে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হল :

নম্বর	নাম ও পরিচিতি নম্বর	পদবী ও কর্মস্থল
১.	এ জে এম আব্দুল্যাহেল বাকী (৪১৩৯)	উপসচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
২.	জনাব প্রকাশ কান্তি চৌধুরী (৬৬৪৯)	উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজমাটি।
৩.	জনাব মোঃ হায়দার আলী (৬৬৬৪)	সিনিয়র এক্সপার্ট (উপসচিব), ন্যাশনাল একাডেমি ফর প্রাইমারি এডুকেশন, ময়মনসিংহ।
৪.	জনাব জহিরুল ইসলাম (৬৬৭১)	উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
৫.	জনাব মোঃ আব্দুল্লাহ-আল-মামুন (৬৬৯২)	উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, শরিয়তপুর।
৬.	জনাব মোহাঃ রশিদুল আমিন (৬৬৯৬)	উপসচিব, অর্থ বিভাগে সংযুক্ত।
৭.	জনাব মোঃ শাওগাতুল আলম (৬৭০২)	উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৮.	খন্দকার এহতেশামুল কবীর (৬৭১৬)	পরিচালক (উপসচিব), পররাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয়।
৯.	জনাব মোঃ গালিব হোসেন, পিএসসি, বিএ-৬০২৯	মেজর, ৯ বিআইআর (মেক), বাংলাদেশ সেনা বাহিনী।

০২। মনোনীত কর্মকর্তাবৃন্দ প্রশিক্ষণ চলাকালে কর্মরত হিসেবে গণ্য হবেন এবং নিজ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে বেতন/ভাতাদি গ্রহণ করবেন।

০৩। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দকে আবশ্যিকভাবে বিপিএটিসি'র ডরমিটরিতে অবস্থান করতে হবে।

০৪। কোর্সের কোর্স ফি জনপ্রতি ৫৭,০০০/- (সাতাল্ল হাজার) টাকা। কোর্সে মনোনীত কর্মকর্তার কোর্স ফি কোর্স শুরু হওয়ার পূর্বে নিজ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে ট্রসড চেক/ব্যাংক ড্রাফটের মাধ্যমে রেপ্তর, বিপিএটিসি বরাবরে জমা দিতে হবে।

০৫। বিপিএটিসি কর্তৃপক্ষ কোর্সের জন্য মনোনীত প্রশিক্ষণার্থীবৃন্দের থাকা-খাওয়ার ব্যবস্থা করবেন। কোর্স চলাকালীন তাঁরা শুধু ভ্রমণ ভাতা পাবেন। কিন্তু কোন দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৬। প্রশিক্ষণার্থীগণকে আগামী ২৩/০৭/২০১৬ তারিখে কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএটিসিতে আবশ্যিকভাবে যোগদান করতে হবে। উক্ত তারিখে যোগদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রশিক্ষণ চলাকালীন সময়ের জন্য নিজ কর্মস্থল হতে ২৪/০৭/২০১৬ তারিখ পূর্বাঙ্কে তাৎক্ষণিকভাবে অবমুক্ত বলে গণ্য হবেন।

০৭। মনোনীত কোন কর্মকর্তা উক্ত কোর্সে যোগদানে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। মনোনয়নপ্রাপ্ত কোন কর্মকর্তা কোর্সে অংশগ্রহণ না করলে পদোন্নতির সময় প্রশিক্ষণে যোগদানে ব্যর্থতার বিষয়টি বিধি অনুযায়ী বিবেচনার জন্য উপস্থাপন করা হবে।

২য় পাতায়

০৮। মনোনীত কর্মকর্তাবৃন্দকে আগামী ২১/০৭/২০১৬ তারিখের মধ্যে বিপিএটিসি'র ওয়েবসাইটে (www.bpatc.org.bd) অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। কোর্সে যোগদানের পর প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে ই-লার্নিং প্ল্যাটফর্মে (elearning.bpatc.org.bd) রেজিস্ট্রেশন করতে হবে।

স্বাঃ
(সৈয়দা মাছুমা খানম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৫২৫।


রেস্ট্রর,
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা।

নং-০৫.২০০.০০.০০.১২.০০৫.১৬-১১৫/১(৩০)

তারিখঃ ০৪ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ
১৯ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব, -----।
- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/রংপুর/সিলেট/বরিশাল
- ০৫। চেয়ারম্যান/মহা-পরিচালক/প্রকল্প পরিচালক/প্রধান প্রকৌশলী -----।
- ০৬। যুগ্ম-সচিব (প্রশিক্ষণ/পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। জনাব।
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন/সিপিটি/শৃঙ্খলা/এপিডি)-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।


(সৈয়দা মাছুমা খানম)
সিনিয়র সহকারী সচিব